



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০১.১৮.৪০৯

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৮
২৮ জুন ২০২১

বিষয়: সহকারী অধ্যাপকের স্কেল প্রদান

সূত্র: ১৬(ক)২/২০২০

বগুড়া জেলার নুনগোলা ডিগ্রি কলেজ এর মোঃ আবু বকর সিদ্দিক এর সহকারী অধ্যাপকের স্কেল প্রদান করার বিষয়ে মতামত চেয়ে অধ্যক্ষ আবেদন করেছেন।

আবেদনের বর্ণনা: জনাব আবু বকর সিদ্দিক কে সহকারী অধ্যাপক পদে ০৭/০১/২০২০খ্রি. তারিখে পদোন্নতি প্রদান করা হয়। সহকারী অধ্যাপকের স্কেল মঞ্জুর করার জন্য তিনি ০৩ (তিন) বার আবেদন করেন। আঞ্চলিক কার্যালয়, রাজশাহীতে অধ্যক্ষের বিরুদ্ধে নিয়োগ সংক্রান্ত অভিযোগ দায়ের করার কারণে পরিচালক মহোদয় মন্তব্য করেছেন যে, অধ্যক্ষের স্বাক্ষরে প্রেরিত আবেদন অনুমোদনের জন্য মাউশির অনুমতি প্রয়োজন।

বগুড়া জেলার নুনগোলা ডিগ্রী কলেজ এ কর্মরত জনাব মোঃ আবু বকর সিদ্দিক (ইনডেক্স নং- ৪৩১১৩৭) কে কলেজ পরিচালনা পর্ষদ তার জ্যেষ্ঠতা কর্তব্য পরায়ণতা ও সততা যাচাই পূর্বক সহকারী অধ্যাপক পদে ০৭/০১/২০২০ তারিখে পদোন্নতি প্রদান করা হয়। সহকারী অধ্যাপকের স্কেল পাওয়ার বিষয়ে আঞ্চলিক কার্যালয়ে আবেদন করা হলে আঞ্চলিক কার্যালয়, রাজশাহীতে অধ্যক্ষের বিরুদ্ধে নিয়োগ সংক্রান্ত অভিযোগ, কাম্য যোগ্যতা না থাকা সত্ত্বেও অধ্যক্ষ পদে নিয়োগ প্রাপ্তির বিষয়ে হাইকোর্টে মামলা থাকায় অধ্যক্ষের স্বাক্ষরে প্রেরিত পদোন্নতির আবেদনপত্রটি নিষ্পত্তির জন্য মাউশির নির্দেশনা চেয়ে রিজেক্ট করেন যা নথিতে রক্ষিত আছে। এ বিষয়ে মতামত দেয়ার জন্য পরিচালক মহোদয়কে গত ১৬/০৯/২০২০ তারিখে পত্র দেয়া হয়। জবাবে তিনি উল্লেখ করেন যে, আইনগত মতামতের জন্য এই কার্যালয়ের কোন বিশেষজ্ঞ কর্মকর্তা বা সেল নেই মর্মে পুনরায় রিজেক্ট করেন। বর্ণিত বিষয়টি নিষ্পত্তির জন্য এমপিও সভায় উপস্থাপন করা হয়।

এমপিও সভার সিদ্ধান্ত: বর্তমান অধ্যক্ষের আবেদনে জনাব মোঃ আবু বকর সিদ্দিক (ইনডেক্স নং ৪৩১১৩৭) কে সহকারী অধ্যাপক এর স্কেল প্রদান করা যাবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, এমপিও কমিটির সুপারিশ বাস্তবায়ন করার জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৬-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

পরিচালক

পরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১২.০০১.১৮.৪০৯/১(৩)

তারিখ: ১৪ আষাঢ়. ১৪২৮

২৮ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সহকারী পরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩) অধ্যক্ষ, নুনগোলা কলেজ, বগুড়া।



২৮-৬-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক